ভূমিকা ঃ

মূল্য সংযোজন কর আইন, বিধিমালা, প্রজ্ঞাপনসমূহ এবং জারীকৃত আদেশসমূহ সংকলিত অবস্থায় পুস্তকাকারে জাতীয় রাজস্ব বোর্ড ছাড়াও আইনজীবী ও লেখকগণ প্রকাশ করে বাজারে সহজপ্রাপ্য রাখছেন। কিন্তু আইন, আদেশ ও বিধানাবলী ক্ষেত্র বিশেষে সাধারণ্যে সহজবোধ্য নাও হতে পারে। অথচ স্বচ্ছ জ্ঞানের অভাবে অনেক করদাতা যথাযথভাবে কর প্রদান করতে পারেন না। করদাতা এবং ক্রেতা সাধারণকে কর প্রদান ও কর আদায় নিশ্চিত করতে ব্যাপকভাবে উদ্বুদ্ধ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড সহজবোধ্যভাবে মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, টার্ণওভার কর ও আবগারী শুল্ক সম্পর্কীয় গুরুত্বপূর্ণ জ্ঞাতব্য বিষয়ে নিম্নবর্ণিত পুস্তিকাসমূহ প্রণয়ন করেছে ঃ

পুস্তিকা নং-১	ঃ	মূসক বিষয়ে সাধারণ জ্ঞাতব্য
পুস্তিকা নং-২	ঃ	নিবন্ধন
পুস্তিকা নং-৩	ঃ	টার্ণওভার কর
পুস্তিকা নং-৪	ঃ	মূল্য ঘোষণা
পুস্তিকা নং-৫	ঃ	হিসাব পুস্তক ও দলিলাদি সংরক্ষণ
পুস্তিকা নং-৬	ঃ	চালানপত্র
পুস্তিকা নং-৭	ঃ	উপকরণ কর রেয়াত ও সমন্বয়
পুস্তিকা নং-৮	ঃ	দাখিলপত্র
পুস্তিকা নং-৯	ঃ	ব্যবসায়ী পর্যায়ে মূসক
পুস্তিকা নং-১০	ঃ	মূসক ব্যবস্থায় ECR/POS ব্যবহার
পুস্তিকা নং-১১	ঃ	মূসক ব্যবস্থায় স্ট্যাম্প ও ব্যান্ডরোল ব্যবহার
পুস্তিকা নং-১২	ঃ	ব্যাংকিং ও নন-ব্যাংকিং এবং বীমা সেবার ক্ষেত্রে মূসক পরিশোধ
পুস্তিকা নং-১৩	ঃ	আমদানি পর্যায়ে মূসক পরিশোধ
পুস্তিকা নং-১৪	ঃ	মূসক ব্যবস্থায় রপ্তানি কার্যক্রম
পুস্তিকা নং-১৫	ঃ	মূসক ব্যবস্থায় প্রত্যর্পণ কার্যক্রম
পুস্তিকা নং-১৬	ঃ	অপরাধ, শাস্তি ও আপীলের বিধান

জাতীয় রাজস্ব বোর্ড আশা করে যে, প্রকাশিত পুস্তিকাসমূহ পাঠে করদাতা ও ক্রেতা সাধারণ মূল্য সংযোজন কর আইন ও প্রয়োগ বিষয়ে সচেতন হবেন এবং তা সরকারের রাজস্ব আদায়ে ইতিবাচক প্রভাব ফেলবে।

০১। মূল্য সংযোজন কর কি?

মূল্য সংযোজন কর (মূসক) হল বাংলাদেশে উৎপাদিত এবং আমদানিকৃত পণ্য বা সেবা বাংলাদেশে সরবরাহের ক্ষেত্রে আরোপিত কর। আইন দ্বারা সুনির্দিষ্টভাবে অব্যাহতি প্রাপ্ত বা অন্য কোনভাবে অব্যাহতিপ্রাপ্ত পণ্য ও সেবা ব্যতীত বাংলাদেশে প্রস্তুতকৃত বা আমদানিকৃত সকল পণ্য এবং সেবা এই কর ব্যবস্থার আওতাভুক্ত। বাংলাদেশে ব্যবসায়িক লেনদেনে পণ্য ও সেবা সরবরাহকারী সকল ব্যবসায়ীর নিকট থেকে উৎপাদন, প্রক্রিয়াকরণ এবং বিতরণ ধারার প্রতিটি পর্যায়ে এই কর প্রদেয়।

আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে আমদানিকারক বা তার নিযুক্ত প্রতিনিধির নিকট থেকে শুল্ক কর্তৃপক্ষের দ্বারা স্বাভাবিক আমদানি পণ্য ছাড় প্রক্রিয়ায় এবং পণ্য অবমুক্ত করার পূর্বে আমদানি শুল্ক যে পদ্ধতিতে আদায় করা হয় সেই একই পদ্ধতিতে এই মূল্য সংযোজন কর অন্যান্য শুল্ক করাদির সাথে একই সময় আদায় করা হয়ে থাকে।

০২। আমদানিকৃত কোন্ ধরণের পণ্যের/ সেবার ওপর মূল্য সংযোজন কর প্রদেয়?

অব্যাহতিপ্রাপ্ত নয় এ ধরণের আমদানিকৃত সকল পণ্যের/সেবার ওপর মূল্য সংযোজন কর আরোপ করা হয়। সাধারণতঃ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর তফসিল-১ এ অন্তর্ভুক্ত তালিকার পণ্য, তফসিল-২ এ বর্ণিত সেবা এবং প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবা আমদানিতে মূল্য সংযোজন কর আরোপযোগ্য নয়।

০৩। আমদানিকৃত পণ্যের মূল্য সংযোজন কর নিরূপণ পদ্ধতি :

আমদানি পর্যায়ে মূল সংযোজন কর আরোপিত হয় উক্ত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য, আমদানি শুল্ক এবং অন্যান্য শুল্ক ও করের (অগ্রিম আয়কর ও মূল্য সংযোজন কর ব্যতীত) মোট অর্থের ওপর। সুতরাং করযোগ্য মূল্যের উপাদানগুলির মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে পণ্যের আমদানি মূল্য, পরিবহণ খরচ, শুল্ক নির্ধারণ স্থান পর্যন্ত বীমা খরচ, আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক এবং অন্যান্য কর।

০৪। **আমদানি শুল্কের ভিত্তি মূল্য কি রুপে নিরুপিত হয়?**

পিএসআই কোম্পানী সরবরাহকারীর ঘোষিত মূল্য নিশ্চিত করে একটি “ক্লিন রিপোর্ট অব ফাইন্ডিংস” বা CRF প্রত্যয়ণপত্র ইস্যু করে। এই CRF মূল্য আমদানি বিল অব এন্ট্রি এর মাধ্যমে ঘোষিত মূল্যের ভিত্তি হতে পারে।

পণ্য পি.এস.আই ভুক্ত হোক বা না হোক, বিশ্বের বেশীর ভাগ দেশে শুল্কায়নযোগ্য মূল্য সাধারণত নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারণ করা হয়-

- বিনিময় মূল্য বা Transaction Value
- অবরোহী মূল্য বা Deductive Value
- হিসাবকৃত মূল্য বা Computed Value

সাধারণভাবে ক্রেতা ও বিক্রেতা পরস্পর সম্পর্কযুক্ত নন এরূপ ক্ষেত্রে আমদানি স্থলে বাণিজ্যিক চালানে (Commercial invoice) উল্লেখিত CIF Value যা পিএসআই কোম্পানী CRF সার্টিফিকেটে উল্লেখ করে থাকে তাই (১% অবতরণ চার্জসহ) হলো শুল্ক নিরূপণের জন্য ভিত্তিমূল্য।

সুনির্দিষ্ট কিছু পণ্যের জন্য অবশ্য আমদানি পর্যায়ে ‘ট্যারিফ মূল্য’ আরোপিত হয়। এক্ষেত্রে ট্যারিফ মূল্যই শুল্ক আরোপের ভিত্তিমূল্য।

০৫। **আমদানি পণ্যের ঘোষিত মূল্য গ্রহণের বিষয়ে শুল্ক কর্তৃপক্ষের ক্ষমতা :**

পিএসআই কোম্পানী কর্তৃক মূল্য প্রত্যয়িত হলেও আমদানি পণ্যের ঘোষিত মূল্য বিষয়ে অনুসন্ধান করার এখতিয়ার শুল্ক কর্তৃপক্ষের রয়েছে। এরূপ ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষ তার নিজস্ব পদ্ধতিতে মূল্য ঘোষণার যথার্থতা উপরোক্ত পদ্ধতিসমূহ অনুযায়ী যাচাই করবেন। যদি আমদানিকারক এর ঘোষিত মূল্য গ্রহণযোগ্য হয় তাহলে আমদানি শুল্কসহ অন্যান্য শুল্ক আরোপিত মূল্যের ভিত্তিতে প্রদেয় মূসক নির্ণীত হবে।

০৬। **আমদানি পর্যায়ে মূল্য সংযোজন কর প্রদানের স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদির সংরক্ষণ**

আমদানি পর্যায়ে মূল্য সংযোজন কর প্রদানের প্রমাণ স্বরূপ নিম্নলিখিত কাগজ পত্র সংরক্ষণ করতে হয়ঃ

- আমদানি বিল অব এন্ট্রি
- শুল্ক কর্তৃপক্ষের রশিদ, এসেসমেন্ট নোটিশ, রিলিজ অর্ডার (যেটি প্রযোজ্য)
- আমদানি সংক্রান্ত বাণিজ্যিক কাগজ পত্র যেমন-
  - ঋণপত্র
  - ইনভয়েস
  - পরিবহন ব্যয় চালানপত্র (বিএল/ এয়ারওয়ে বিল/ট্রাক রসিদ/রেল রসিদ)
  - পণ্যের উৎস সার্টিফিকেট
  - সরবরাহকারীকে মূল্য পরিশোধ করার প্রমাণপত্র
  - বীমা খরচ চালানপত্র (কভার নোট ও প্রিমিয়াম রসিদ)

০৭। **আমদানি পর্যায়ে উৎসে মূল্য সংযোজন কর কর্তন :**

করারোপযোগ্য সকল পণ্যের ব্যবসায়ী পর্যায়ে মূল্য সংযোজন কর আরোপযোগ্য। স্থানীয় পর্যায়ে পণ্যের আমদানিকারকদের নিকট থেকে ব্যবসায়ী পর্যায়ের কর আদায় সহজতর করার লক্ষ্যে স্থানীয় ব্যবসায়ী পর্যায়ের কর আমদানি পর্যায় উৎসে আদায় করার বিধান করা হয়েছে।

০৮। **আমদানি পর্যায়ে উৎসে মূল্য সংযোজন কর কর্তন কাদের ক্ষেত্রে প্রযোজ্য এবং কি হারে আদায় করা হয়?**

আমদানি পর্যায়ে উৎসে মূল্য সংযোজন কর বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আবশ্যিক। আমদানিকৃত চালানের জন্য শুল্ক কর্মকর্তা কর্তৃক নিরূপিত মূল্যের সাথে প্রযোজ্য আমদানি শুল্ক ও সম্পূরক শুল্ক (যদি থাকে) যোগ করে প্রাপ্ত মোট মূল্যের উপর ২০% মূল্য সংযোজন যোগ করে প্রাপ্ত মোট মূল্যের উপর ৩% হারে ব্যবসায়ী মূসক আমদানি পর্যায়ে উৎসে কর্তনযোগ্য হবে।

৯। **কোন্ কোন্ আমদানিকারকের ক্ষেত্রে আমদানি পর্যায়ে উৎসে মূসক কর্তনযোগ্য বা আদায়যোগ্য নয়?**

সরকারী, আধা-সরকারী প্রতিষ্ঠান, স্বায়ত্ত্বশাসিত সংস্থা, জাতিসংঘভুক্ত সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি ও সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক নিজেদের ব্যবহারের জন্য আমদানিকৃত পণ্য, ১০০% রপ্তানিযোগ্য শিল্প প্রতিষ্ঠান ও ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউস কর্তৃক আমদানিকৃত পণ্য,

সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত ষংস্থা, ব্যাংক-বীমা ও এনজিও-তে দরপত্রের বা কার্যাদেশের ভিত্তিতে যোগানদার হিসাবে সরবরাহের উদ্দেশ্যে আমদানিকৃত পণ্য, মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক আমদানিকৃত পণ্য, সরকারী প্রজ্ঞাপনের আওতায় ত্রান হিসাবে আমদানিকৃত পণ্য, অন্ধ ও বধিরদের জন্য আমদানিকৃত ও সাময়িকভাবে আমদানিকৃত পণ্য ও মাননীয় সংসদ সদস্য কর্তৃক অব্যাহতি সুবিধার আওতায় আমদানিকৃত গাড়ি অথবা জীপের ক্ষেত্রে আমদানি পর্যায়ে উৎসে মূসক কর্তনযোগ্য নয়।

১০। বাজেয়াপ্ত পণ্য নিলামে ক্রয়কারীকে মূল্য সংযোজন কর দিতে হবে কি-না?

শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক বাজেয়াপ্তকৃত পণ্য নিলাম ক্রয়কারীকে তাঁর ক্রয় মূল্যের উপর নিলামকৃত পণ্যের ক্রেতা হিসাবে ৩% মূল্য সংযোজন কর প্রদান করতে হবে।

১১। সেবা আমদানির ক্ষেত্রে মূল্য সংযোজন কর পরিশোধের/আদায়ের বিধান কি?

বর্তমান অর্থবৎসরে (২০১০-১১) সেবা আমদানির ক্ষেত্রে মূল্য সংযোজন কর আরোপ করা হয়েছে। এক্ষেত্রে বাংলাদেশের বাহির হতে সেবা সরবরাহ করা হলে, যিনি উক্ত সেবা সরবরাহ গ্রহণ করবেন, তার উপর সমুদয় সেবামূল্যের ভিত্তিতে ১৫% হারে মূসক প্রযোজ্য। তবে এক্ষেত্রে ব্যাংক, পে-পল বা অন্য যে আর্থিক প্রতিষ্ঠান সেবা মূল্য পরিশোধের সাথে জড়িত থাকবেন, সেই প্রতিষ্ঠান সেবামূল্য পরিশোধকালে সমুদয় মূল্যের উপর ১৫% হারে প্রযোজ্য মূসক উৎসে কর্তন/আদায় করবেন এবং সরকারী কোষাগারে জমা প্রদান করবেন।

এ পুস্তিকার কোন বক্তব্য বা পরিভাষা বিদ্যমান মূল্য সংযোজন কর আইন ও এর বিধিবিধানের সাথে অসঙ্গতিপূর্ণ বলে প্রতীয়মান হলে আইন ও বিধিবিধানের পরিভাষাই প্রাধিকার পাবে। এ বিষয়ে আরো কোন তথ্য জানার প্রয়োজন হলে সংশ্লিষ্ট মূসক স্থানীয় কার্যালয় (সার্কেল), বিভাগীয় দপ্তর, কমিশনারেটের সদর দপ্তর, নিকটস্থ মূল্য সংযোজন কর কার্যালয় বা জাতীয় রাজস্ব বোর্ডের মূসক অনুবিভাগের কোন কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর অনুবিভাগ, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।	ফোনঃ ৯৩৩০৬৬২, ৮৩৬১৪৩২, ৯৩৫২৫৩০, ৯৩৫৮৭২৮, ৮৩২২৬৯৯ পিএবিএক্সঃ ৮৩১৮১২০-২৬ ফ্যাক্সঃ ৮৩১৬১৪৩
বৃহৎ করদাতা ইউনিট (LTU), মূল্য সংযোজন কর, ৬ষ্ঠ তলা, দ্বিতীয় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।	ফোনঃ ৯৩৬২৯৬২, ৯৩৬২৯৬৩, ৯৩৬২৯৬৪, ৯৩৬২৯৬৫ ফ্যাক্সঃ ৯৩৬২৯৬০
শুল্ক, আবগারী এবং মূসক, ঢাকা (দক্ষিণ) কমিশনারেট, ১৬০/এ, আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), কাকরাইল, ঢাকা।	ফোনঃ ৮৩৫৫৯৬৪, ৯৩৩৭২৪৫, ৯৩৪০১২৪, ৯৩৫১৬৯৬ পিএবিএক্সঃ৮৩১১৮১১-৪ ফ্যাক্সঃ ৮৩১৫৪৫৯
শুল্ক, আবগারী এবং মূসক, ঢাকা (উত্তর) কমিশনারেট, বাড়ী-০৬, সোনারগাঁও জনপথ রোড, সেক্টর-১১, উত্তরা, ঢাকা।	ফোনঃ ৮৯৬৩১১৫, ৮৯৬৩১১৬, ৮৯৬৩১১৮, ৮৯১১৬৪৯ ফ্যাক্সঃ ৮৯১৩৪৩৩
শুল্ক, আবগারী এবং মূসক, চট্টগ্রাম কমিশনারেট, সিজিও বিল্ডিং নং-১, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।	ফোনঃ ২৫২৪০৩৭, ৭২১৪৩২, ৭২৩১৩৩, ৭২৪০৮৬ ফ্যাক্সঃ ৭১৫৮০৮
শুল্ক, আবগারী এবং মূসক, রাজশাহী কমিশনারেট, বাড়ী নং-১৯৬, সেক্টর-০২, রাজশাহী হাউজিং এস্টেট, উপশহর, রাজশাহী।	ফোনঃ ৮৬১১০১, ৮৬১১০৫, ৮৬১১০৩, ৮৬১১০৬ ফ্যাক্সঃ ৭৬১৭১৯
শুল্ক, আবগারী এবং মূসক, সিলেট কমিশনারেট, বাড়ী নং-১৯, রোড-১৪/২৪, ব্লক-ডি, শাহজালাল উপশহর, সিলেট।	ফোনঃ ২৮৩০৭৪১, ৮১০০৮৩, ৮১০০৮১ ফ্যাক্সঃ ২৮৩১৫৯৬
শুল্ক, আবগারী এবং মূসক, খুলনা কমিশনারেট, খালিশপুর, খুলনা।	ফোনঃ ৭৬১৭০৩, ৭৬২৪২৮, ৮৬১২১৬ ফ্যাক্সঃ ৭৬২৫৯৪
শুল্ক, আবগারী এবং মূসক, যশোর কমিশনারেট, ভোলা ট্যাংক রোড, যশোর।	ফোনঃ ৬৮৪৩৪, ৬৮৪৩৫ ফ্যাক্সঃ ৬৩৪০৫।